বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
সিকিউরিটিজ কমিশন ভবন
ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
www.sec.gov.bd

সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/২২২

তারিখঃ ৩০ অগ্রহায়ণ, ১৪২৭ বঙ্গাব্দ
১৫ ডিসেম্বর, ২০২০ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

৭৫৩ তম কমিশন সভা অদ্য ১৫/১২/২০২০ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে ঃ-

০১. কমিশন অদ্যকার সভায় United Commercial Bank Limited এর ৪০০ (চারশত) কোটি টাকার Unsecured, Floating rate, Conditional-convertible, Perpetual Bond এর প্রস্তাব অনুমোদন করেছে। Perpetual বন্ডটির কুপন হার ৮%-১০%, যা সরকারি আর্থিক প্রতিষ্ঠান, মিউচুয়্যাল ফান্ড, ইন্সুরেন্স কোম্পানি, তালিকাভুক্ত ব্যাংক, সমবায় ব্যাংক, আঞ্চলিক রুরাল ব্যাংক, সংগঠন, ট্রাষ্ট, স্বায়ত্তশাসিত কর্পোরেশনসহ অন্যান্য যোগ্য বিনিয়োগকারীদেরকে প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে ইস্যু করা হবে। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে বিভিন্ন প্রতিষ্ঠান থেকে অর্থ উত্তোলন করে United Commercial Bank Limited এর Additional Tier-I মূলধন ভিত্তি শক্তিশালী করবে। এই বন্ডের প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা। এই বন্ডের Trustee হিসাবে MTB Capital Limited এবং Arranger হিসাবে IDLC Finance Limited কাজ করছে।

০২. কমিশন সভায় National Polymer Industries Limited ১০.০০ (দশ) টাকা মূল্যের ৩৬,৪৯১,৮৩৪ টি সাধারণ শেয়ার প্রতিটি ১৫.০০ টাকা মূল্যে (শেয়ার প্রতি ৫.০০ টাকা হারে প্রিমিয়ামসহ) রাইটস শেয়ার হিসেবে ইস্যুর মাধ্যমে (১R:১ হারে অর্থাৎ বিদ্যমান একটি সাধারণ শেয়ারের বিপরীতে একটি সাধারণ শেয়ার রাইটস হিসেবে) মোট ৫৪৭,৩৭৭,৫১০.০০ টাকা মূলধন সংগ্রহের জন্য আবেদন করে। সেই প্রেক্ষিতে কমিশন উক্ত আবেদনের অনুমোদন প্রদান করে। National Polymer Industries Limited এর উৎপাদন ক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে জমি ক্রয় ও উন্নয়ন, মূলধনী যন্ত্রপাতি আমদানী, কার্যকরী মূলধন সংগ্রহ এবং ব্যাংক ঋন পরিশোধ এর লক্ষ্যে রাইটস শেয়ার ইস্যুর সিদ্ধান্ত গ্রহণ করে। রাইটস শেয়ার ডকুমেন্ট অনুযায়ী জুন ৩০, ২০১৯ইং তারিখে সমাপ্ত অর্থ-বছরে কোম্পানিটির শেয়ার প্রতি পুন:মূল্যায়নসহ নীট সম্পদ মূল্য (NAV) টাকা ৩৮.৯৮ এবং শেয়ার প্রতি আয় (EPS) টাকা ৪.২৫। কোম্পানিটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে AAA Finance & Investment Limited।

15-12-2020

মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক (চলতি দায়িত্ব) ও মুখপাত্র